

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২০, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ৪ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ/১৮ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ১৯৭-আইন/২০১৭।—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ৭৩ এর উপ-ধারা (১), ধারা ৪ এর উপ-ধারা (৩) এর স�িত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা জেলা পরিষদের চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের ছুটি বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “অসাধারণ ছুটি” অর্থ এইরূপ ছুটি যাহার জন্য পারিশ্রমিক প্রদেয় নহে এবং যাহা বিশেষ অবস্থায় বিশেষ ক্ষেত্রে মঙ্গুর করা হয়;
- (খ) “আইন” অর্থ জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন);
- (গ) “চেয়ারম্যান” অর্থ আইনের ধারা ২(গ) এ সংজ্ঞায়িত চেয়ারম্যান;
- (ঘ) “পরিষদ” অর্থ আইনের ধারা ২(ঘ) এ সংজ্ঞায়িত জেলা পরিষদ;
- (ঙ) “মহিলা সদস্য” অর্থ আইনের ধারা ২(জ) এ সংজ্ঞায়িত মহিলা সদস্য;
- (চ) “সদস্য” অর্থ আইনের ধারা ২(বা) এ সংজ্ঞায়িত পরিষদের সদস্য; এবং
- (ছ) “সরকার” অর্থ স্থানীয় সরকার বিভাগ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

(৬৮০১)

মূল্য : টাকা ৪.০০

৩। চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণের সাময়িক অনুপস্থিতি বা কর্মসূল ত্যাগ।—(১) সরকারকে অবহিত করিয়া চেয়ারম্যান, দাপ্তরিক বা ব্যক্তিগত প্রয়োজনে, নিজ কর্মসূলের বাহিরে গমন বা অবস্থান করিতে পারিবেন।

(২) চেয়ারম্যানকে অবহিত করিয়া সদস্য ও মহিলা সদস্যগণ, দাপ্তরিক বা ব্যক্তিগত প্রয়োজনে, নিজ কর্মসূলের বাহিরে গমন বা অবস্থান করিতে পারিবেন।

৪। বহিঃ বাংলাদেশ ছুটি।—(১) চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ নিম্নবর্ণিত কারণে বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন করিতে পারিবেন, যথা:—

- (ক) নিজ বা পরিবারের সদস্যগণের চিকিৎসা;
- (খ) বিদেশে অবস্থানরত পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনদের সাথে সাক্ষাৎ;
- (গ) ধর্মীয় কারণ; অথবা
- (ঘ) যুক্তিসংগত অন্য কোন ব্যক্তিগত কারণ।

(২) চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণের বহিঃ বাংলাদেশ ছুটি নিম্নবর্ণিত শর্তে মঙ্গুর করা যাইবে, যথা:—

- (ক) ছুটির মেয়াদ বৎসরে ৬০ (ষাট) দিনের অধিক হইবে না;
- (খ) বিশেষ কারণ ব্যতীত বৎসরে ৩ (তিনি) বারের অধিক ছুটি ভোগ করা যাইবে না;
- (গ) ছুটিকালীন সময়ে বিদেশ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ ব্যক্তিগতভাবে বহন করিবেন এবং উহাতে সরকার বা জেলা পরিষদের কোন আর্থিক সংশ্লেষ থাকিবে না।
- (ঘ) ছুটিকালীন প্রাপ্য পারিশ্রমিক বৈদেশিক মুদ্রায় আহরণ করিতে পারিবেন না; এবং
- (ঙ) অসুস্থতা বা যৌক্তিক কারণ ব্যতীত ছুটির মেয়াদ বর্ধিত করা যাইবে না।

(৩) চেয়ারম্যানের ক্ষেত্রে সরকার এবং সদস্য ও মহিলা সদস্যগণের ক্ষেত্রে, চেয়ারম্যানের সুপারিশক্রমে, বিভাগীয় কমিশনার বহিঃবাংলাদেশ ছুটি মঙ্গুর করিবেন :

তবে শর্ত থাকে যে, সদস্য ও মহিলা সদস্যগণের ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ একাধারে ৩০ (ত্রিশ) দিনের অধিক হইলে, চেয়ারম্যানের সুপারিশক্রমে, সরকার উক্ত ছুটি মঙ্গুর করিবে।

৫। অসাধারণ ছুটি।—(১) সরকার, চেয়ারম্যানের, এবং চেয়ারম্যানের সুপারিশক্রমে, সদস্য ও মহিলা সদস্যগণের, অসাধারণ ছুটি মঙ্গুর করিবে।

(২) অসাধারণ ছুটিকালীন চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ পারিশ্রমিক প্রাপ্য হইবেন না।

৬। ছুটির তথ্য সংরক্ষণ।—পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা, চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণের ছুটির তথ্য সংরক্ষণ করিবেন।

৭। সরকারি নির্দেশনা অনুসরণ।—ছুটি ভোগের ক্ষেত্রে চেয়ারম্যান, সদস্য ও মহিলা সদস্যগণ আইন ও এই বিধিমালার সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা অনুসরণ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আব্দুল মালেক
সচিব

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd